WELCOME

Prepared By:

Md. Nurul Islam

Instructor (Electronics)

Mymensingh Polytechnic Institute

Subject Name: Biomedical Instrument

Subject Code: 28654

Semester: 5th



৫ হার্টের রিদমিক এক্সাইটেশন (Rhythmic Excitation of Heart)

মানবদেহের হার্ট বা হৃৎপিন্ডের গঠন অনেক উন্নত ধরনের। রক্তনালিকাসমূহের মাধ্যমে সারা দেহে রক্ত সঞ্চালিত করার জন্য হার্ট একটি কেন্দ্রিয় জীবন্ত পাম্পযন্ত্র হিসেবে কাজ করে। এটা নিয়মমাফিক সংকোচন ও প্রসারনের মাধ্যমে দেহের বিভিন্ন অঙ্গ থেকে ফিরে আসা রক্ত সংগ্রহ করে ও সারা দেহে রক্ত সঞ্চালন করে। হার্ট কার্ডিয়াক পেশি বা হৃৎপেশি নামক সংকোচন-প্রসারনশীল অনৈচ্ছিক পেশি সমন্বয়ে গঠিত। এতে ডান ও বাম অলিন্দ এবং ডান ও বাম নিলয় নামক চারটি প্রকোষ্ঠ আছে। ডান অলিন্দ, ইনফেরিয়র ক্যাভা, সুপিরিয়র ক্যাভা ও করোনারী সাইনাসের মাধ্যমে দূষিত বা কার্বনডাইঅক্সাইড (CO_2) মিশ্রিত রক্ত গ্রহন করে সংকোচনের মাধ্যমে ডান নিলয়ে প্রেরন করে

ডান নিলয় পালমোনারী ধমনীর মাধ্যমে এ রক্তকে ফুসফুসে পাঠিয়ে দেয়। পরে অক্সিজেন (O_2) মিশ্রিত রক্ত পালমোনারী শিরার সাহায্যে বাম অলিন্দে আসে। বাম অলিন্দ সংকোচনের ফলে এ বিশুদ্ধ রক্ত বাম নিলয়ে আসে এবং বাম নিলয় সংকোচনের ফলে মহাধমনীর মাধ্যমে রক্ত সারাদেহে ছড়িয়ে পড়ে। হার্টের কন্ডাকশন সিস্টেম চিত্রে দেখানো হল।হৃৎপিন্ড বা হার্টের কন্ডাকশন সিস্টেম নিম্নলিখিত অংশ সমন্বয়ে গঠিত। যথা–

১। সাইনোএট্রিয়াল নোড (Sinoatrial node) বা SA node- এটি হার্টের পেসমেকার নামে পরিচিত। এটি প্রতি মিনিটে প্রায় ৭০ টি ইমপালস তৈরি করে এবং হার্টবিটের সূচনা করে। ইমপালসগুলো অলিন্দ প্রাচীর হয়ে এ পৌঁছায়।

২। এ্যান্ট্রিওভেন্ট্রিকুলার নোড (Antrioventricular node) বা অঠ হড়ফব– এটি SA node থেকে সামান্য ছোট। এটিও প্রতি মিনিটে প্রায় ৬০ টি ইমপালস তৈরি করে।

৩। **বান্ডল অব হিজ** (Bundle of His)– বান্ডল অব হিজ ডান ও বাম এ দুই শাখায় বিভক্ত। অঠ হড়ফব এর ইমপালসগুলো এ দুই শাখার মাধ্যমে নিলয়দ্বয়ে পৌঁছায় এবং এদের ডিপোলারাইজেশন ঘটায়।

৪। **পারকিঞ্জি ফাইবার** (Purkinje fiber)– ডান ও বাম বান্ডল অব হিজ বিভক্ত হয়ে পারকিঞ্জি ফাইবার উৎপন্ন করার মাধ্যমে নিলয়দ্বয়ে প্রবেশ করে এবং ইমপালস সরবরাহ করে।

উপরোক্ত আলোচনায় এটা প্রতিয়মান হয় যে, হার্টে রক্ত চলাচলের ফলে একটি ছন্দময় ক্রিয়া বা রিদমিক এ্যাকশন সংঘটিত হয় যাকে হার্টের রিদমিক এক্সাইটেশন বলা হয়। এ রিদমিক এ্যাকশন নিয়ন্ত্রিত হয় একটি বৈদ্যুতিক সিগনাল বা ইমপালস দ্বারা। এ ইমপালস তৈরি হয় হার্টের SA node দ্বারা যা হার্টকে উত্তেজিত বা এক্সাইটেড করে। হার্টের SA node কর্তৃক উৎপন্ন ইমপালসের ফ্রিকুয়েন্সি দ্বারা হার্টবিট রেট নিয়ন্ত্রিত হয়।

এটি নিয়মিত বিরতিতে প্রতি মিনিটে ৭২ বার এক্সাইটেড হয়। SA node থেকে ইমপালসগুলো উভয় অলিন্দের মাংসপেশি ও স্নায়ুর ডিপোলারাইজেশন ঘটায়। এতে অলিন্দ সংকুচিত হয় ও রক্ত নিলয়ে প্রবেশ করে এবং অঠ হড়ফব কে এক্সাইটেড করে। অঠ হড়ফব বান্ডল অব হিজ এর মাধ্যমে ইমপালকে নিলয়দ্বয়ে পাঠায় এবং নিলয়দ্বয় সংকুচিত হয়ে রক্তকে সজোরে পাম্প করে। নিলয়দ্বয়ের স্নায়ু ও মাংসপেশি আবার রিপোলারাইজড হয়ে রিদমিক সাইকেলের সিকুয়েন্স পুনরায় শুরু করে। এ সিস্টেমের কোন প্রকার ত্রুটি বা ক্ষতিসাধন হলে সংকোচন রিদমিক ত্রুটি দেখা দেয় যাকে কার্ডিয়াক এরিথমিয়া (cardiac


Frontal plane through heart
Arch of aorta
Bachman's bundle
Sinoatrial (SA) node
Left atrium
Anterior internodal
Atrioventricular (AV) node
Atrioventricular (AV) bundle (bundle of His)
Middle internodal
Posterior internodal
Right atrium
Left ventricle
Right ventricle
Right and left bundle branches
Purkinje fibers

ইলেকট্রোকার্ডিওগ্রাফি ও ইলেকট্রোএনসেফালোগ্রাফির ধারনা

ভূমিকা– মানবদেহের হার্ট বা হৃৎপিন্ডের কার্যকারিতাকে ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক বৈশিষ্ট্যের মাধ্যমে প্রকাশ করাকে ইলেকট্রোকার্ডিওগ্রাফ (Electrocardiograph) বা সংক্ষেপে ECG বলা হয়। ECG আপাতদৃষ্টিতে প্রায় পর্যায়বৃত্ত ও সমতালের স্পন্দনের অবিরত পুনরাবৃত্তি সিগনাল যা হার্টের কার্যকারিতা থেকে পাওয়া যায়। হার্টকে একটি ইলেকট্রিক্যাল জেনারেটরের সাথে তুলনা করা যায়। শরীরের চামড়ার উপর থেকেই ইলেকট্রডের বিভিন্ন অবস্থানের উপর নির্ভর করে ইলেকট্রিক্যাল সিগনালগুলো রেকর্ড করা হয়। এ অধ্যায়ে ECG সম্পর্কে বিস্তারিত আলোচনা করা

ইলেকট্রোকার্ডিওগ্রাফির ওয়েভফরম (Waveform of Electrocardiography)

মানবদেহের হার্ট বা হৃৎপিন্ডের কার্যকারিতাকে ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক বৈশিষ্ট্যের মাধ্যমে প্রকাশ করাকে ইলেকট্রোকার্ডিওগ্রাফ (Electrocardiograph) বা সংক্ষেপে ECG বলা হয়। কার্ডিয়াক সাইকেলের সময় হার্টের প্রাচীরের মধ্যবর্তি স্তর মায়োকার্ডিয়াম কর্তৃক উৎপন্ন সময়ের সাথে পরিবর্তনশীল ভোল্টেজের ডিসপ্লে বা গ্রাফিক রেকর্ডিংকে ইলেকট্রোকার্ডিওগ্রাফ (Electrocardiograph) বা সংক্ষেপে ECG বলা হয়। অন্য কথায় হার্টের মাংসপেশি কর্তৃক উৎপন্ন বায়োপটেনশিয়ালই (Biopotential) হচ্ছে ECG।

যখন হার্ট পাম্পিং কার্য সম্পাদন করে তখন হৃৎপেশি ইলেকট্রিক্যাল ওয়েভ তৈরি করে। এ ওয়েভগুলো শরীরের মধ্য দিয়ে অতিক্রম করে এবং ত্বকের সাথে যুক্ত ইলেকট্রডগুলো দ্বারা তা পরিমাপ করা যেতে পারে। হার্টের বিভিন্ন পার্শ্বে সংযুক্ত ইলেকট্রডগুলো বিভিন্ন পেশির কার্যকারিতা পরিমাপ করে। একটি ECG এ সকল ইলেকট্রড জোড়ার মধ্যবর্তি ভোল্টেজ ডিসপ্লে করে এবং পেশির কার্যকারিতা পাওয়া যায়। এ ডিসপ্লেটি হার্টের সমগ্র রিদম প্রকাশ করে এবং সে সাথে বিভিন্ন পেশির দুর্বলতা নির্দেশ করে।


QRS
Complex
R
PR
Segment
ST
Segment
P
T
Q
S
PR Interval
QT Interval

স্বাভাবিক হার্টবিটের একটি আদর্শ ECG ওয়েভ একটি চ ওয়েভ, একটি ছ ওয়েভ, একটি QRS কমপ্লেক্স এবং একটি T ওয়েভ নিয়ে গঠিত। ঊঈএ এর ৫০% থেকে ৭৫% এর মধে¨ একটি ক্ষুদ্র U ওয়েভও দেখা যায়। ECG এর বেস লাইন ভোল্টেজকে বলা হয় আইসোইলেকট্রিক লাইন। সাধারনত T ওয়েভের পরে এবং পরবর্তি P ওয়েভের পূর্বে ECG ওয়েভের অংশ হিসেবে আইসোইলেকট্রিক লাইনকে পরিমাপ করা হয়।

একজন রোগীর হার্ট রিদম সনাক্ত করতে কিছু মৌলিক নিয়মকানুন অনুসরন করা হয়। যেমন-

১। হার্ট রিদম রেট কত?

২। হার্ট রিদম কী নিয়মিত না অনিয়মিত?

৩। P ওয়েভগুলো উপস্থিত আছে কি না?

৪। QRS কমপ্লেক্সগুলো উপস্থিত আছে কি না?

৫। P ওয়েভ ও QRS কমপ্লেক্সগুলোর মধে¨ ১ঃ১ অনুপাত বিদ¨মান কি না?

৬। PR ইন্টারভ¨াল ধ্রুব কি না? ইত¨াদি।

ECG মেশিনের কার্যের মূলনীতি)

চিত্রে একটি টিপিক্যাল ECG মেশিনের ব্লক ডায়াগ্রাম অংকন করে প্রতিটি ব্লকের বর্ননা দেয়া হল।

মাইক্রোকম্পিউটার– ECG মেশিনের সার্বিক কার্যক্রম নিয়ন্ত্রন করে মাইক্রোকম্পিউটার। একটি নির্দিষ্ট প্রোগ্রামের সাহায্যে অপারেটর কয়েকটি অপারেশনের মুড নির্বাচন করতে পারে। হার্টবিট রেট নির্ধারন, কোন প্রকার এরিদমিয়া সনাক্তকরন, ECG র বিভিন্ন বৈশিষ্ট্যের অক্ষরেখাসমূহ হিসাবকরন এবং এ সকল বৈশিষ্ট্যের মধ্যে ইন্টারভ্যাল নির্ধারন করার জন্য কিছু কিছু মেশিনের মাইক্রোকম্পিউটার ঊঈএ র প্রাথমিক বিশ্লেষনও করতে পারে। একটি কীবোর্ড ও একটি আলফানিউম্যারিক ডিসপ্লের সাহায্যে অপারেটর মাইক্রোকম্পিউটারের সাথে যোগাযোগ রক্ষা করে।

লিড সিলেক্টর– রোগীর সঙ্গে যুক্ত প্রতিটি ইলেকট্রড ইসিজির লিড সিলেক্টরের সাথে সংযুক্ত থাকে। এ ব্লকের কাজ হচ্ছে একটি নির্দিষ্ট লিডের জন্য কোন্ ইলেকট্রডগুলোর প্রয়োজন তা নির্ধারন করা এবং সার্কিটের বাকী অংশের সাথে তাদেরকে যুক্ত করা।

অটো ক্যালিব্রেশন– রেকর্ড হয় এমন প্রতিটি চ্যানেলের জন্য এক একটি 1 mV এর ক্যালিব্রেশন সিগনাল ECG র মধ্যে সামান্য সময়ের জন্য যুক্ত হয়।

প্রটেকশন সার্কিট– এ সার্কিটটিতে প্রটেকশন ডিভাইসসমূহ ব্যবহার করা হয়। এর ফলে কোন অবস্থায়ই ECG র ইনপুটে উপস্থিত হাই ভোল্টেজ মেশিনের কোন ক্ষতি করতে পারে না।

প্রি–এমপ্লিফায়ার– ইনপুট প্রি–এমপ্লিফায়ার স্টেজটি ECG র প্রাথমিক এমপ্লিফিকেশন কার্য সম্পাদন করে। এ স্টেজটির অতি উচ্চ ইনপুট ইম্পিড্যান্স ও উচ্চ কমন মোড রিজেকশন রেশিও (CMRR) আছে।

১০ হার্টজে ২ থেকে ৫ কিলোওহম পর্যন্ত হয়ে থাকে। ইলাস্টিক স্ট্র্যাপের সাহায্যে ইলেকট্রডগুলোকে যথাস্থানে ধরে রাখা হয়।

ECG তে ব্যবহৃত বিভিন্ন প্রকার ইলেকট্রডগুলো হল–

১। প্লেট ইলেকট্রড

২। ফ্লোটিং ইলেকট্রড

৩। সাকশন কাপ ইলেকট্রড

৪। প্রিজেলড ডিসপোজেবল ইলেকট্রড

৫। পেস্টলেস ইলেকট্রড

৬। মাল্টিপয়েন্ট ইলেকট্রড

৭। ক্যাপাসিটিভ ইলেকট্রড।

ড্রাইভার এমপ্লিফায়ার– এ ব্লকের সার্কিটসমূহ ইসিজিকে এমন এক লেভেলে এমপ্লিফাই করে যেখানে একটি রেকর্ডারের উপর সিগনালকে সঠিকভাবে রেকর্ড করতে পারে। এর ইনপুট এসি কাপলড হওয়া উচিত যেন প্রি–এমপ্লিফায়ার দ্বারা এমপ্লিফাইড অফসেট ভোল্টেজসমূহ এর ইনপুটে দেখা না যায়।

আইসোলেশন সার্কিট– এ সার্কিটে ব্যারিয়ার বা বাধা থাকে যা ৫০ বা ৬০ হার্টজ পাওয়ার লাইন থেকে কারেন্ট প্রবাহের পথে বাধা দেয়। যেমন কোন রোগী যদি ১২০V/২২০V লাইনের সংস্পর্শে আসে তবে এ ব্যারিয়ারটি রোগী থেকে এমপ্লিফায়ারের মাধ্যমে রেকর্ডার বা মাইক্রোকম্পিউটারের গ্রাউন্ডে বিপজ্জনক কারেন্ট প্রবাহে বাধা দিত।

ড্রাইভেন রাইট লেগ সার্কিট– এ সার্কিটটি রোগীর উপর একটি রেফারেন্স পয়েন্ট সরবরাহ করে যা সাধারনত গ্রাউন্ড পটেনশিয়ালে থাকে। এ পয়েন্টটি রোগীর ডান পায়ের উপর একটি ইলেকট্রড হিসেবে কাজ করে।

মেমোরি সিস্টেম– বর্তমানে বহু আধুনিক ECG কে মেমোরিতে সংরক্ষন করে পরে তা পেপার চার্টের উপর প্রিন্ট আউট করা হয়। প্রথমে সিগনালকে এডি কনভারটারের মাধ্যমে ডিজিটাল করা হয় এবং তারপর প্রতিটি লিড থেকে স্যাম্পল নিয়ে মেমোরিতে সংরক্ষন করা হয়। কীবোর্ডের মাধ্যমে রোগীর যে তথ্য ইনপুট করা হয় মেমোরিতে তাও সংরক্ষন করা হয়। মাইক্রোকম্পিউটার এ সংরক্ষন কার্য নিয়ন্ত্রন করে।

রেকর্ডার/প্রিন্টার– এ ব্লকটি রোগীর ECG সিগনালকে রেকর্ড করে রাখে এবং প্রয়োজনে সিগনালের একটি প্রিন্ট কপি সরবরাহ করে। অপারেটর কর্তৃক রোগীর আইডেনটিফিকেশন, ক্লিনিক্যাল ইনফরমেশন এবং ঊঈএ র স্বয়ংক্রিয় এনালাইসিসের ফলাফল প্রিন্ট আউট করে। ঊঈএ কে সাধারনত গ্রাফ পেপারের উপর প্রিন্ট করা হয়। পেপারের উপর 1mm ব্যবধানে হরাইজন্টাল ও ভার্টিক্যাল লাইন এবং 5mm ব্যবধানে মোটা লাইন টানা থাকে

ECG Block Diagram



৩.১ ব্লাড প্রেসার ও ব্লাড ফ্লো পরিমাপের প×তি (Methods of Blood Pressure & Blood Flow Measurement)

ব্লাড প্রেসার পরিমাপের মৌলিক প×তি দু'টি। যথা-

১। প্রত¨ক্ষ বা সরাসরি প×তি (Direct method)

২। পরোক্ষ প×তি (Indirect method)

স্ফিগমোম¨ানোমিটার (Sphygmomanometer) ব¨বহার করে পরোক্ষ প×তিতে ব্লাড প্রেসার পরিমাপ করা যায়। এ প×তি ব¨বহার করা খুবই সহজ কিন্তু এর অসুবিধা হল এতে প্রেসার পরিবর্তনে কন্টিনুয়াস রেকর্ডিং পাওয়া যায় না এবং এটা পুনঃপুনঃ ব¨বহারের হার সীমিত। এছাড়াও এ প×তিতে কেবলমাত্র সি÷ালিক ও ডায়া÷ালিক প্রেসারের মান পাওয়া যায় কিন্তু প্রেসার ওয়েভের ডিটেইলস কোন নির্দেশনা থাকে না। যখন ব্লাড প্রেসার খুবই কম থাকে তখন এ প×তি প্রয়োগ করা যায় না।

অপরদিকে প্রত¨ক্ষ প্রেসার পরিমাপে কন্টিনুয়াস রিডিং পাওয়া যায় এবং ব্লাড প্রেসার ওয়েভের কন্টিনুয়াস রেকর্ডিং পাওয়া যায়। তবে এ প×তির প্রধান অসুবিধা হল সেন্সর বসানোর জন¨ যেকোন একটি রক্তনালীকে ছিদ্র করতে হয় যা রোগীর জন¨ বিরক্তিকর হতে পারে এবং ইকুইপমেন্টের জটিলতাও বৃ×ি পায়।

প্রত¨ক্ষ বা সরাসরি ব্লাড প্রেসার পরিমাপে ব¨বহৃত প×তিগুলো হল-

(ক) পারকিউটেনিয়াস ইনসারশন (Percutaneous Insertion)

(খ) ক¨াথেটারাইজেশন বা ভ¨াসেল কাট ডাউন (Catheterization or Vessel cut down)

(গ) ভ¨াসেল বা হার্টে একটি ট্রান্সডিউসার স্থাপন করে (Implantation a Transducer in a Vessel or Heart)

পরোক্ষ ব্লাড প্রেসার পরিমাপে ব¨বহৃত প×তিগুলো হল-

(ক) করোটকফস প×তি (Korotkoffs method)

(খ) ফেজ শিফট প×তি (Phase shift method)

(গ) রেনোগ্রাফিক প×তি (Rhenographic method)

(ঘ) অসিলোমেট্রিক প×তি (Oscillometric method)

(ঙ) আল্ট্রাসনিক ডপলার শিফট প×তি (Ultrasonic Doppler shift method)

রক্ত প্রবাহ পরিমাপে ব¨বহৃত মূলনীতিগুলো হল-

১। ইলেকট্রোম¨াগনেটিক ইন্ডাকশন (Electromagnetic Induction)

২। আল্ট্রাসনিক ট্রান্সমিশন বা রিফ্লেকশন (Ultrasonic Transmission or Reflection)

৩। থার্মাল কনভেকশন বা তাপীয় পরিচলন (Thermal Convection)

৪। রেডিওগ্রাফিক মূলনীতি (Radiographic Principle)

৫। তরল নমুনা নির্দেশক (Indicator Dilution)

তবে ম¨াগনেটিক ও আল্ট্রাসনিক প×তিই বেশি ব¨বহৃত হয়। এ প×তিতে ব্লাড ফ্লো পরিমাপের জন¨ ব¨বহৃত মিটারগুলো হল-

(ক) ইলেকট্রোম¨াগনেটিক ব্লাড ফ্লো মিটার (Electromagnetic Blood Flow Meter)

(খ) আল্ট্রাসনিক ব্লাড ফ্লো মিটার (Ultrasonic Blood Flow Meter)

(গ) ঘগজ ব্লাড ফ্লো মিটার (NMR Blood Flow Meter)

(ঘ) লেজার ডপলার ব্লাড ফ্লো মিটার (LASER Doppler Blood Flow Meter)

(ঙ) প্লেথিসমোগ্রাফ (Plethysmograph)

ব্লাড প্রেসার পরিমাপের একটি বিশেষ সার্কিট হল সি÷ালিক, ডায়া÷ালিক ও মিন ডিটে±র সার্কিট যার প্রেসার এমপ্লিফায়ারটি একটি এনালগ ওয়েভফরম উৎপন্ন করে। এ ওয়েভের সর্বোচ্চ বা পিক মান সি÷ালিক প্রেসার এবং সর্বনিম্ন বা ভ¨ালি মান ডায়া÷ালিক প্রেসার নির্দেশ করে। বিভিন্ন প্রকার পয়েন্টগুলো সনাক্ত করার জন¨ অতিরিক্ত কিছু সার্কিটের প্রয়োজন হয়। এসব পয়েন্ট থেকে ÷ডি ডিসি ভোল্টেজ বা কারেন্ট তৈরি করা হয় যা দ্বারা ডিসপ্লে মিটারকে পরিচালনা করা যায়। চিত্রে প্রেসার ডিটে±রের সার্কিট ডায়াগ্রাম দেখানো হল।

MAP এর ফাংশনাল সংগা হল,

$$P = P_d + \frac{1}{3}(P_s - P_d)$$

যখানে, P= Mean Arterial Pressure in mmHg

P_d= Diastolic Pressure in mmHg

P_s= Systolic Pressure in mmHg



Figure 7.23 Block diagram of the major components and subsystems of an oscillometric blood-pressure monitoring device, based on the Dinamap unit, I/O = input/output; MAP = mean arterial pressure; HR = heart rate; SYS = systolic pressure; DYS = diastolic pressure. From Ramsey M III. Blood pressure monitoring: automated oscillometric devices, *J. Clin. Monit*. 1991, 7, 56–67.

ম¨াগনেটিক ব্লাড ফ্লো মিটারের মূলনীতি (Principle of Magnetic Blood Flow Meter)

ম¨াগনেটিক ব্লাড ফ্লো মিটার ম¨াগনেটিক ইন্ডাকশনের নীতির উপর প্রতিষ্ঠিত। যখন চুম্বকক্ষেত্রের মধে¨ একটি বৈদু¨তিক কন্ডা±র ঘুরে তখন কন্ডা±রের গতিবেগের সমানুপাতে কন্ডা±রটির মধে¨ ভোল্টেজ আবিষ্ট হয়। এ একই নীতিতে যখন চলনশীল কন্ডা±র ছাড়া সেই চুম্বকক্ষেত্রে স্থাপিত একটি টিউবের মধ¨ দিয়ে এক স্তম্ভ পরিবাহি তরল প্রবাহিত হয় তখন তাতে ভোল্টেজ আবিষ্ট হয়। চিত্রে ম¨াগনেটিক ব্লাড ফ্লো মিটারের মৌলিক নীতি দেখানো হল।

এতে একটি স্থায়ী চুম্বক অথবা বৈদু¨তিক চুম্বককে রক্তনালীর চারিদিকে স্থাপন করা হয়। এটি রক্ত প্রবাহের দিকের সাথে লম্বভাবে চুম্বকক্ষেত্র তৈরি করে। চলমান রক্তস্তম্ভের মধে¨ যে ভোল্টেজ আবিষ্ট হয় তা পরিমাপ করার জন¨ রক্তনালীর দুই বিপরিত পার্শ্বে এবং চুম্বকক্ষেত্রের দিকের সাথে লম্বভাবে দু'টি স্থির ইলেকট্রড স্থাপন করা হয়।

ম¨াগনেটিক ব্লাড ফ্লো মিটারের আউটপুট ভোল্টেজ খুবই কম থাকে (মাত্র কয়েক মাইক্রোভোল্ট)। ইলেকট্রড পোলারাইজেশন ও এমপ্লিফায়ার ড্রিফট থেকে রক্ষা পাওয়ার জন¨ মিটারে ইলেকট্রোম¨াগনেট ব¨বহার করা হয়। এগুলোকে এসি ভোল্টেজ দ্বারা চালিত করা হয়। কিন্তু এসি ভোল্টেজে চালানোর জন¨ চুম্বকক্ষেত্রের পরিবর্তনের ফলে ট্রান্সডিউসারটি একটি ট্রান্সফর্মারের মত আচরন করে এবং এ¨ারর ভোল্টেজ আবেশিত হয়। এ ভোল্টেজ প্রায়ই সিগনাল লেভেল হতে বেশি হয়ে থাকে। তাই এ এ¨ারর ভোল্টেজের উপস্থিতিতে সিগনালকে উ×ার করার জন¨ বৃহৎ ডাইনামিক রেঞ্জের এবং ফেজ সেনসিটিভ এমপ্লিফায়ার ব¨বহার করতে হয় অথবা গেটেড ডিটে±র ব¨বহার করতে হয়। চিত্রে ম¨াগনেটিক ব্লাড ফ্লো মিটারের ব্লক ডায়াগ্রাম দেখানো হল।এতে ব¨বহৃত অসিলেটরটি ম¨াগনেটকে পরিচালনা করে এবং একই সময়ে গেটের জন¨ও কন্ট্রোল সিগনাল পাঠায়। অসিলেটরটি ৫০ থেকে ৪০০ঐ ফ্রিকুয়েন্সির মধে¨ কাজ করে। যখন রক্ত প্রবাহের দিক উল্টে যায় তখন গেটেড ডিটে±র ব¨বহার করার ফলে আউটপুট সিগনালের পোলারিটিও উল্টে যায়। ফ্লো পালসগুলো রেকর্ডিং এর জন¨ এ সি÷মের ফ্রিকুয়েন্সি রেসপন্স সাধারনত উচ্চ হয়। আবার গড় প্রবাহ নির্নয়ের জন¨ লো পাস ফিল্টার ব¨বহার করা হয়।

Principle of Electromagnetic Blood Flow Meters



আল্ট্রাসনিক ব্লাড ফ্লো মিটারের অপারেশন (Operation of Ultrasonic Blood Flow Meter)

আল্ট্রাসনিক ব্লাড ফ্লো মিটার দ্বারা প্রবাহিত রক্তের গতিবেগ পরিমাপ করা যায়। এ জন¨ আল্ট্রাসাউন্ড শক্তির বিম ব¨বহার করা হয়। রক্তনালীর মধ¨ দিয়ে আল্ট্রাসাউন্ডের একটি বিম পালস আকারে অল্প কোনে প্রেরন করা হয় এবং তারপর এর ট্রানজিট টাইম পরিমাপ করা হয়। যখন রক্ত প্রবাহের দিক ও প্রেরিত বিম এনার্জির দিক একই হয় তখন ট্রানজিট টাইম কম হয়। যখন রক্ত প্রবাহের দিক প্রেরিত ও বিম এনার্জির দিক বিপরিত হয় তখন ট্রানজিট টাইম বড় হয়।

তিন প্রকার আল্ট্রাসনিক ব্লাড ফ্লো মিটারগুলো হল-

১। ডপলার টাইপ আল্ট্রাসনিক ব্লাড ফ্লো মিটার

২। ডপলার শিফট টাইপ আল্ট্রাসনিক ব্লাড ফ্লো মিটার

৩। ট্রানজিট টাইম আল্ট্রাসনিক ব্লাড ফ্লো মিটার।

চিত্রে ডপলার টাইপ আল্ট্রাসনিক ব্লাড ফ্লো মিটারের ডায়াগ্রাম দেখানো হল।

আল্ট্রাসনিক ব্লাড ফ্লো মিটারগুলোর বেশিরভাগই ডপলার নীতির উপর প্রতিষ্ঠিত। কয়েক হাজার মেগাহার্টজ উৎপন্ন করতে সক্ষম এমন একটি অসিলেটর দ্বারা এ প×তিতে একটি পিজোইলেকট্রিক ট্রান্সডিউসারকে এক্সাইটেড করা হয়। এ ট্রান্সডিউসারকে একটি উস্ক্ত রক্তনালীর সাথে সংযুক্ত করা হয় এবং প্রবাহিত রক্তে ঋ ফ্রিকুয়েন্সি সহকারে একটি আল্ট্রাসনিক বিম পাঠানো হয়। প্রেরিত বিম শক্তির কিছু অংশ লোহিত ও শ্বেত রক্ত কনিকাগুলো দ্বারা প্রতিফলিত হয়ে ফিরে আসে যা প্রথম ট্রান্সডিউসারের বিপরিতে সংযোগ করা দ্বিতীয় ট্রান্সডিউসার দ্বারা গৃহিত হয়। যেহেতু চলমান রক্ত কনিকাগুলো দ্বারা প্রতিফলন ঘটে তাই ডপলার ইফে±র কারনে প্রফিলিত সিগনালের ফ্রিকুয়েন্সি ভিন্ন হয়। প্রবাহের দিকের উপর নির্ভর করে এর ফ্রিকুয়েন্সি হবে (ঋ ঋ$_{ড}$)। এখানে ডপলার ফ্রিকুয়েন্সি ঋ$_{ড}$ প্রবাহিত রক্তের বেগের সাথে সরাসরি সমানুপাতিক। তবে প্রেরিত আল্ট্রাসনিক বিম এনার্জির একটি অংশ অপরিবর্তিত ফ্রিকুয়েন্সিতে সরাসরি দ্বিতীয় ট্রান্সডিউসারে ফিরে আসে। এ মিশ্র সিগনালের এমপ্লিফিকেশনের পর সরাসরি ও প্রতিফলিত সিগনালদ্বয়ের মধ¨কার পার্থক¨ হিসেবে ডিটে±রের আউটপুটে ডপলার ফ্রিকুয়েন্সি পাওয়া যায়। একটি ফিকুয়েন্সি মিটার দ্বারা এ ডপলার ফ্রিকুয়েন্সি পরিমাপ করা হয়। মিটারটিকে ফ্লো রেট এককে দাগাংকিত করা হয়।

Doppler Type Ultrasonic Flow Meters



মানব শ্বসনতন্ত্রের বর্ণনা (Human Respiratory System)

মানবদেহে যে প্রক্রিয়ায় পরিবেশ হতে গৃহিত অক্সিজেন কোষের ভিতরের সরল খাদ্যসারকে দহন করে কার্বনডাই অক্সাইড নির্গত করে ও খাদ্যের স্থিতিশক্তিতে গতিশক্তিতে পরিনত করে তাকে শ্বসন বলে এবং মানবদেহের যে তন্ত্রগুলো শ্বসন প্রক্রিয়ায় সক্রিয়ভাবে অংশগ্রহন করে তাকে শ্বসনতন্ত্র বলে। চিত্রে মানবদেহের শ্বসনতন্ত্র দেখানো হল।

মানবদেহের শ্বসনতন্ত্রের প্রধানত দু'টি অংশ থাকে। যথা–

(ক) পরিবাহক অংশ (conducting division)– এতে পুরু আবরন থাকে। এর মধ্য দিয়ে কৈশিকনালীতে কোন গ্যাস প্রবাহিত হয় না।

(খ) শ্বসন অংশ (respiratory division)– এতে পাতলা আবরন থাকে। এর মধ্য দিয়ে কৈশিকনালীতে গ্যাস প্রবাহিত হয়।

মানবদেহের শ্বসনতন্ত্রের বিভিন্ন তন্ত্রগুলো হল–

১। নাসিকা– বহিঃ নাসারন্ধ্র, নাসাপথ ও অন্তঃ নাসারন্ধ্র

২। নাসাগলবিল ৩। স্বরযন্ত্র

৪। শ্বাসনালী ৫। ব্রংকাস ৬। ফুসফুস


Pharynx
Entrance of air
Gullet or esophagus
Larynx
Windpipe or trachea
Body wall
Bronchus
Pleura covering the lung
Pleural cavity
Alveoli
Space occupied by heart
Right lung
Left lung

ইম্পিড্যান্স নিউমোগ্রাফের কাজ মানবদেহের শ্বসনের হার বা রেসপাইরেশন রেট (Respiration Rate) পরিমাপের বিভিন্ন পদ্ধতির মধ্যে ইম্পিড্যান্স নিউমোগ্রাফ পদ্ধতি হল একটি পরোক্ষ পদ্ধতি। শ্বসনের গভীরতা এবং বুকের ইম্পিড্যান্স পরিবর্তনের মধ্যকার সম্পর্কের ভিত্তিতে বক্ষস্থলের উপর বাহ্যিক ইলেকট্রড ব্যবহারের মাধ্যমে ইম্পিড্যান্স নিউমোগ্রাফ রেসপাইরেশন রেট পরিমাপ করে। এ ইম্পিড্যান্স নিউমোগ্রাফ যে নীতির ভিত্তিতে কাজ করে তা হল রেসপাইরেশন ঘটার সময় বুকের আড়াআড়িতে এসি ইম্পিড্যান্স পরিবর্তন হয়। চিত্রে একটি ইম্পিড্যান্স নিউমোগ্রাফের ব্লক ডায়াগ্রাম দেখানো হল।

হাসিজ মনিটারিংয়ে ব্যবহৃত ইলেকট্রডের মত সারফেস ইলেকট্রডের সাহায্যে রোগীর বুকে ৫০ থেকে ৫০০শঞ্জ এর লো ভোল্টেজ এসি সিগনাল প্রয়োগ করা হয়। এতে ব্যবহৃত মনিটরের অধিকাংশই ইসিজি মনিটর যাতে ইলেকট্রডের একটি সাধারন সেট ও লিড ওয়্যারের একটি একক পেয়ার ব্যবহার করা হয়। রেসপাইরেশন সাইকেলের সাথে শরীরের ইম্পিড্যান্স পরিবর্তন দ্বারা সিগনাল মডুলেট হয় এবং মডুলেটেড সিগনালকে সনাক্ত করা হয়। ইম্পিড্যান্স নিউমোগ্রাফে যে ইলেকট্রড ব্যবহৃতম হয় তা হচ্ছে সেলফ এ্যাডেসিভ (self adhesive) ধরনের। নাড়াচাড়ার কারনে সৃষ্ট নয়েজ থেকে মুক্ত থাকার জন্য ইলেকট্রড জেলি (jelly)

পরিমাপের নিমিত্তে ত্বককে যখন সঠিকভাবে তৈরি করা হয় তখন ইলেকট্রডগুলো হতে ১৫০ থেকে ২০০ ওহমের ইম্পিড্যান্স পাওয়া যায়। প্রতিটি রেসপাইরেশন সাইকেলের সাথে ইম্পিড্যান্স পরিবর্তনের মান হয় মূল ইম্পিড্যান্সের ১%। প্রতিটি ইলেকট্রডের সাথে সিরিজে উচ্চমানের স্থির রেজিস্টর যুক্ত থাকে। ফলে কনস্ট্যান্ট এসি কারেন্ট সোর্স সৃষ্টি হয়। ডিফারেন্সিয়াল এসি এমপ্লিফায়ারে প্রয়োগকৃত সিগনাল ভোল্টেজ হল রেজিস্ট্যান্সের আড়াআড়িতে ভোল্টেজ ড্রপ যে রেজিস্ট্যান্স রোগীর বুকের ইম্পিড্যান্স নির্দেশ করে।

অর্থাৎ

যেখানে E_0=আউটপুট ভোল্টেজ (V),

I=বুকের ভিতর দিয়ে প্রবাহিত কারেন্ট (A),

R=রেসপাইরেশন ছাড়া বুকের ইম্পিড্যান্স ( ),

=রেসপাইরেশন দ্বারা সৃষ্ট বুকের ইম্পিড্যান্স পরিবর্তন ( )।

রোগীর বুকের মধ্য দিয়ে প্রবাহিত কারেন্ট খুবই কম এবং রেসপাইরেশন ছাড়া প্রায় কনস্ট্যান্ট থাকে কারন সোর্স ভোল্টেজ E কনস্ট্যান্ট এবং পদটি (R_1+R_2+R) এর যোগফলের তুলনায় খুবই ছোট।

E_0 সিগনালকে এমপ্লিফাই করা হয় এবং তারপর সিনক্রোনাস এমপ্লিচুড মডুলেশন (AM) ডিটেক্টরে দেয়া হয়। রেসপাইরেশন ওয়েভফরম E_0 এর এমপ্লিচুড পরিবর্তনের মধ্যেই থাকে এবং রেজিস্ট্যান্সের পরিবর্তন তা দ্বারায়।


R
ΔR
E_o
10 kΩ
10 kΩ
ac amplifier
Synchronous detector
Low-pass filter
dc amplifier
E_o
Reference signal
R_2
100 kΩ
R_1
100 kΩ
250-kHz carrier oscillator

এ্যানেস্থেসিয়া

শরীরে কোন প্রকার অপারেশন কাজের জন্য রোগীকে এ্যানেস্থেটিক এজেন্ট নাসারন্ধ্রের মাধ্যমে শরীরে প্রয়োগ করে রোগীর চেতনা বা অনুভূতি বিলোপ করার পদ্ধতিকে এ্যানেস্থেসিয়া বলা হয়। এক সময় হাসপাতাল বা ক্লিনিকগুলোর অপারেশন রুমে এক্সপ্লোসিভ এ্যানেস্থেটিক এজেন্টের ব্যবহার ছিল। যেমন ইথার, সাইক্লোপ্রোপেন। কিন্তু বর্তমানে এ এজন্টগুলোর ব্যবহার নেই বললেই চলে। কারন এগুলো দাহ্য গ্যাস। বর্তমানে এ্যানেস্থেটিক এজেন্ট হিসেবে অজৈব গ্যাস নাইট্রাস

বিভিন্ন প্রকার ভোলাটাইল এ্যানেস্থেটিক এজেন্টগুলো হল–

১। ডাইইথাইল ইথার

২। ক্লোরোফরম

৩। ট্রাইক্লোরোইথাইলিন

৪। হ্যালোথেন

৫। মিথোক্সিফ্লুরেন

৬। এনফ্লুরেন

৭। আইসোফ্লুরেন

৮। সেভোফ্লুরেন

৯। ডেসফ্লুরেন।

১। স্টেজ-১ঃ- এ্যানেস্থেসিয়ার এ ধাপকে বেদনাবোধহীনতার ধাপ বা চিনতে বা বুঝতে না পারার ধাপ বলা হয়। এ্যানেস্থেটিক এজেন্ট প্রয়োগ ও চেতনা বিলোপ এ দুইয়ের মধ্যবর্তি সময়কে হিসেবে বিবেচনা করা হয়।

২। স্টেজ-২ঃ- এ্যানেস্থেসিয়ার এ ধাপকে উত্তেজনার ধাপ বা বিকারগ্রস্থতার ধাপ বলা হয়। চেতনা বা অনুভূতি বিলোপ হওয়ার পর থেকে স্বয়ংক্রিয় শ্বাস প্রশ্বাসের শুরু পর্যন্ত সময়ই হল স্টেজ-২ এ্যানেস্থেসিয়া। এ ধাপে চোখের রিফ্লেক্স অদৃশ্য হয় কিন্তু অন্যান্য সকল রিফ্লেক্স ঠিক থাকে এবং কাশি বা বমিভাব ও অনিয়ন্ত্রিত নড়াচড়া ঘটতে পারে। এমনকি শ্বাসরুদ্ধসহ অনিয়মিত শ্বসনও হতে পারে। এ ধাপটি ঝামেলাপূর্ন হতে পারে এবং রোগীর বিপদ এড়াতে অধিকাংশ এ্যানেস্থেটিক প্রেটোকলে এ সময়কালকে যতদূর সম্ভব সংক্ষিপ্ত রাখার চেষ্টা করা হয়।

৩। স্টেজ-৩ঃ স্বয়ংক্রিয় শ্বাস প্রশ্বাসের শুরু থেকে শ্বসনযন্ত্রের অসাড়তা পর্যন্ত ধাপকে সার্জিক্যাল এ্যানেস্থেসিয়া স্টেজ বলা হয়। কারন এ ধাপ এমন একটি লেভেল যেখানে সার্জিক্যাল কার্যাদি সম্পন্ন করা যায়। স্টেজ-২ থেকে স্টেজ-৩ তে অবস্থার পরিবর্তন নিম্নের বৈশিষ্ট্যগুলো দ্বারা নির্দেশিত হয়-

(ক) রোগীর নিয়মিত শ্বসন ফিরে আসা,

(খ) স্টেজ-২ তে স্ফীত হয়ে যাওয়া পিউপিল সংকুচিত হয়ে যাওয়া,

(গ) রোগী কর্তৃক অনেচ্ছিক আলোড়ন বা প্রলাপ বন্ধ হয়ে যাওয়া ইত্যাদি।

স্টেজ-৩ কে চারটি স্তরে ভাগ করা হয়েছে-

(ক) প্রথম স্তর- স্বয়ংক্রিয় শ্বসনের শুরু থেকে অক্ষিগোলক আলোড়নের নিবৃত্তি পর্যন্ত এ স্তর। এ স্তরে অক্ষিপল্লব রিফ্লেক্স থাকবে না, গলাধঃকরন রিফ্লেক্স থাকবে না, মাঝে মাঝে অক্ষিগোলক নড়াচড়া

ইন্টারকোস্টাল পেশির অসাড়তার শুরু পর্যন্ত এ স্তর। এ স্তরে স্বরযন্ত্রের রিফ্লেক্স হারিয়ে যাবে, কর্নিয়ার রিফ্লেক্স অদৃশ্য হবে, অশ্রু ক্ষরন বৃদ্ধি পাবে, শ্বসন স্বয়ংক্রিয় ও নিয়মিত হবে।

(গ) তৃতীয় স্তর– ইন্টারকোস্টাল পেশির অসাড়তার শুরু থেকে শেষ পর্যন্ত এ স্তর। এ স্তরে ডায়াফ্রেগমেটিক রেসপাইরেশন বিদ্যমান কিন্তু ইন্টারকোস্টাল পেশির অসাড়তা ক্রমবর্ধমান হবে।

(ঘ) চতুর্থ স্তর– ইন্টারকোস্টাল পেশির সম্পূর্ন অসাড়তা থেকে ডায়াফ্রেগমেটিক অসাড়তা পর্যন্ত এ স্তর।

৪। স্টেজ–৪ঃ– শ্বসন বন্ধ হওয়া থেকে মৃত্যু পর্যন্ত ধাপ হল স্টেজ–৪। এ্যানেস্থেটিক ওভারডোজ শ্বসনরোধ ও ভ্যাসোমোটর ধ্বংসসহ মেডুলারি প্যারালাইসিস ঘটাতে পারে। পিউপিল ব্যাপক প্রসারিত হয় এবং পেশিসমূহ শিথিল হয়।


Ventilator
Waste gas scavenging system
Air
N_2O
O_2
Gas delivery system
Patient
Patient breathing system

ভূমিকা– মানবদেহের বিভিন্ন প্রকার অঙ্গ–প্রত্যঙ্গ বা কোন অংশে বিশেষ প্রয়োজনে অপারেশন বা সার্জারী করতে হয়। আর এ কাজে বিভিন্ন প্রকার ইনস্ট্রুমেন্ট ব্যবহৃত হয়। অপারেশন কাজ সম্পন্ন করার জন্য একটি বিশেষ কক্ষ বা রুম প্রয়োজন যাকে অপারেটিং রুম বলা হয়। এ অপারেটিং রুমেও বিভিন্ন প্রকার ইনস্ট্রুমেন্ট ব্যবহৃত হয়। এ অধ্যায়ে বিভিন্ন প্রকার সার্জারী, সার্জারীতে ব্যবহৃত বিভিন্ন প্রকার ইনস্ট্রুমেন্ট, অপারেটিং রুম ইনস্ট্রুমেন্ট সম্পর্কে আলোচনা করা হয়েছে।

১ বিভিন্ন প্রকার সার্জারী (Different types of Surgery)-

অসুস্থ্যতার গুরুত্ব, আক্রান্ত শরীরের অংশ, অপারেশনের জটিলতা ও আরোগ্য লাভের সময়ের প্রত্যাশা ইত্যাদি বিভিন্ন ফ্যাক্টরের উপর ভিত্তি করে সার্জারীকে বিভিন্নভাগে ভাগ করা যায়–

মেজর সার্জারী (Major Surgery)– এ সকল সার্জারী অনেক জটিল। যেমন হার্ট, মাথা, বুক, পেট ইত্যাদির অপারেশন এ শ্রেনির মধ্যে পড়ে। এ ধরনের সার্জারীতে আরোগ্য লাভের সময় দীর্ঘায়িত হয় এবং অপারেশন পরবর্তি জটিলতার ঝুকি অনেক বেশি। এ ধরনের সার্জারীর পর রোগীকে অনেক সময় করোনারি কেয়ার ইউনিটে (Coronary Care Unit-CCU) বা ইনটেনসিভ কেয়ার ইউনিটে (Intensive Care Unit-ICU) রাখতে হয় বা হাসপাতালে অনেক দিন রাখতে হয়। মেজর সার্জারীর উদাহরন হল–

১। ব্রেইন টিউমার সার্জারী

২। হার্ট বাইপাস সার্জারী

৩। ওপেন হার্ট সার্জারী

৪। মাথার খুলি বা মুখমন্ডলের হাড়ের সার্জারী

৫। কিডনি প্রতিস্থাপন

৬। মেরুদন্ডের সার্জারী

৭। ক্যান্সার জনিত কারনে সার্জারী ইত্যাদিধঁ।

মাইনর সার্জারী (Minor Surgery)– এ সকল সার্জারী তেমন জটিল নয়। এ ধঁরনের সার্জারীতে আরোগ্য লাভের সময় কম এবং অপারেশন পরবর্তি জটিলতার ঝুকি নেই বললেই চলে। মাইনর সার্জারীর উদাহরন হল–

১। কানের টিউব বসানো

২। হার্নিয়া অপারেশন

৩। নাকের পলিপ অপারেশন

৪। হাড়ভাঙ্গার অপারেশন

৫। টিউমার অপারেশন ইত্যাদি।

ঐচ্ছিক সার্জারী (Elective Surgery)- এ সকল সার্জারী জরুরী কোন বিষয় নয়। নিজের ইচ্ছামত নির্বাচন করা যায় যা সহায়ক হতে পারে কিন্তু অত্যাবশ্যক নয়। ঐচ্ছিক সার্জারীর উদাহরন হল–

১। জন্মগত দাগ অপসারন

২। খৎনা করা ইত্যাদি।

আবশ্যকীয় সার্জারী (Required Surgery)– ভবিষ্যত জীবনের গুনগতমান নিশ্চিত করার জন্য এ ধরনের সার্জারী করতে হয়। এটা জরুরী সার্জারীর মত তাৎক্ষনিকভাবে করার প্রয়োজন হয় না। যেমন– চিকিৎসায় আরোগ্য না হলে কিডনি পাথর অপারেশন করতে হয়।

জরুরী সার্জারী (Emergency Surgery)– জরুরী চিকিৎসার প্রয়োজনে এ ধরনের সার্জারী করা হয়। যেমন এ্যাপেন্ডিসাইটিস, গাড়ী দূর্ঘটনা বা অন্যান্য দূর্ঘটনায় আঘাতগ্রস্ত রোগীকে এ ধরনের সার্জারীর প্রয়োজন হয়।

মাইক্রোসার্জারী (Micro Surgery)– অতি ক্ষুদ্র অঙ্গ যেমন– ধমনী, স্নায়ু, মধ্যকর্নের হাড় বা চোখের ভিতরের অপারেশন সম্পন্ন করার জন্য সার্জনগন শক্তিশালী এমপ্লিফাইং ডিভাইস ব্যবহার করে এ ধরনের সার্জারী কাজ সম্পন্ন করে থাকেন।

অঙ্গ প্রতিস্থাপন সার্জারী (Organ Transplant Surgery)– যদি কোন রোগীর কোন অঙ্গ যেমন– কিডনি, লিভার, হার্ট ইত্যাদি অকার্যকর হয়ে পড়ে তবে অন্যের দেয়া অঙ্গকে তার শরীরে প্রতিস্থাপন করতে এ ধরনের সার্জারী করা হয়।

চিকিসার উন্নতির ফলে বর্তমানে অনেক অপারেশনই কী হোল সার্জারী পদ্ধতিতে করা হয়। প্রচলিত সার্জারী অপেক্ষা এতে কাটা–ছেরা খুবই কম হয় এবং যন্ত্রনা ও ক্ষত খুবই কম হয়। সার্জনগন অপারেশনের জায়গাটি লাইটসমৃদ্ধ একটি সরু টিউবের (ভরনবৎ ড়ঢ়ঃরপ ষরমযঃ ংড়ঁৎপব) মাধ্যমে দেখতে পান এবং টিউবের ভিতর দিয়ে প্রয়োজনীয় যন্ত্রপাতি ঢুকিয়ে অপারেশন কার্য সম্পাদন করেন। পিত্ত থলি বা পিত্ত পাথর অপসারন এবং প্রোস্টেট গ্রন্থির উপর কিছু অপারেশন বা জয়েন্টের কিছু অপারেশন এ পদ্ধতিতে করা হয়। ল্যাপারোস্কোপিক (Laparoscopic) সার্জারীও এ ধরনের সার্জারীর মধ্যে পড়ে।

ক্যান্সার সার্জারী (Cancer Surgery)– বিভিন্ন প্রকার ক্যান্সারের জন্য সার্জারী হচ্ছে একটি প্রধান চিকিৎসা। ক্যান্সারের ক্ষেত্রে উল্লেখযোগ্য সার্জারীগুলো হল–

(১) ডায়াগোনোস্টিক সার্জারী (Diagnostic Surgery)– শরীরের মধ্যে কোন জরুরি রোগ যেমন ক্যান্সারের উপস্থিতি আছে কিনা তা নির্নয় করার জন্য এ ধরনের সার্জারী করতে হয়। বায়োপসি (ইরড়ঢ়ং) এর মাধ্যমে এ কাজ সম্পাদন করা হয়।

(২) আরোগ্যকর সার্জারী (Curative Surgery)– যদি রোগ নির্নয়ের সময় সলিড টিউমার এর সন্ধান পাওয়া যায় তবে ক্যান্সার আক্রান্ত টিস্যুসমূহ ধ্বংস বা অপসারন করার জন্য এ ধরনের সার্জারী করা হয়। এ ধরনের সার্জারী বিভিন্ন প্রকারের হতে পারে। যেমন–

Cryosurgery – এতে তরল নাইট্রোজেন ব্যবহার করে ক্যান্সার টিস্যুকে ধ্বংস করা হয়।

অংশবিশেষ অপসারন করতে এ ধরনের সার্জারী করা হয়।

Electrosurgery – কর্তন কাজে হাই ফ্রিকুয়েন্সির কারেন্ট প্রবাহিত করে ক্যান্সার টিস্যুকে ধ্বংস করতে এ ধরনের সার্জারী করা হয়।

Excisional Surgery – অতি ক্ষতিকর টিউমারকে অপসারন করতে অতি ক্ষুদ্র যন্ত্রপাতি ব্যবহার করে এ ধরনের সার্জারী করা হয়।

LASER Surgery – ক্যান্সার টিস্যুকে ধ্বংস করার জন্য লেজার লাইট বিম ব্যবহার করে এ ধরনের সার্জারী করা হয়।

(৩) প্রতিরোধমূলক সার্জারী (Preventive Surgery)– এখনো ক্যান্সার হয়নি তবে ভবিষ্যতে হতে পারে এরূপ টিস্যুকে

(৪) উপশমকারি সার্জারী (Palliative Surgery)– এ সার্জারীর উদ্দেশ্য ক্যান্সার টিস্যু ধ্বংস করা নয় বরং রোগীর জীবনকে অধিক আরামপ্রদ ও নিরাপদ রাখতে এ ধরনের সার্জারী করা হয়।

(৫) সহায়তাকারি সার্জারী (Supportive Surgery)– উপশমকারি সার্জারীর মত সহায়তাকারি সার্জারী দ্বারা ক্যান্সার আরোগ্য বুঝায় না। বরং এটি অন্যান্য ক্যান্সার চিকিৎসায় সহায়তা করে থাকে। যেমন শরীরের ভিতরে ক্যামোথেরাপি (ঈযবসড়ঃযবৎধঢ়ু) করানোর উদ্দেশ্যে একটি ক্যাথেটার শরীরের ভিতর প্রবেশ করানোই হচ্ছে সহায়তাকারি সার্জারী।

(৬) পুনরুদ্ধারকারি সার্জারী (Restorative Surgery)– শরীরের ক্ষতিগ্রস্ত বা অস্বাভাবিক অংশের উন্নতির জন্য বা সৌন্দর্য বৃদ্ধির জন্য বা উভয়ের জন্য এ ধরনের সার্জারী করা হয়। আরোগ্যকর সার্জারীর পর রোগীরা সাধারনত এ ধরনের সার্জারী করে থাকেন।

কিছু কমন ধরনের সার্জারীর তালিকা নিম্নে দেয়া হল–

1. Opthalmology
2. Otolaryngology
3. Orthopedics
4. Urology
5. Gynecology
6. Obstetrics
7. Neurosurgery
8. Thoratic Surgery
9. Bypass Heart Surgery
10. Cosmetic Surgery
11. Plastic Surgery
12. Brain Surgery
13. Gall Bladder Surgery
14. Breast Cancer Surgery
15. Spine Surgery
16. Vascular Surgery
17. Abdominoplasty Surgery
18. Gastric Bypass Surgery
19. Bariatric Surgery
20. Lip Surgery



স্টেরিলাইজেশন পদ্ধতি (Sterilization System)

সার্জারীতে ব্যবহৃত বিভিন্ন প্রকার যন্ত্রপাতি ও অন্যান্য বস্তুতে সৃষ্ট সূক্ষ্ম রোগজীবানু ধ্বংস করার প্রক্রিয়াকে স্টেরিলাইজেশন বা নির্বীজন বলা হয়। স্টেরিলাইজেশন পদ্ধতি কাপড়-চোপড় এবং সার্জারীতে ব্যবহৃত হয় না এমন জিনিসপত্র যেমন ব্লাড প্রেসার ট্রান্সডিউসার, রেসপাইরেটরি থেরাপি ইকুইপমেন্ট ইত্যাদিতেও প্রয়োগ করা হয়।

স্টেরিলাইজেশনের বিভিন্ন পদ্ধতিগুলো হল-

১। স্টীম হিট (Steam heat) স্টেরিলাইজেশন

২। ড্রাই হিট (Dry heat) স্টেরিলাইজেশন

৩। গ্যাস **(Gas)** স্টেরিলাইজেশন

৪। লিকুইড (Liquid) স্টেরিলাইজেশন

৫। রেডিয়েশন (Radiation) স্টেরিলাইজেশন

ডিভাইসের মধ্যে এ প্রকার স্টেরিলাইজেশন সম্পন্ন করা হয়। ডিভাইসটি হল একটি প্রেসার লক চেম্বার (Pressure lock chamber)। একটি অটোক্লেভের মধ্যের তাপমাত্রা ১০০^{0}C বা ২১২^{0}FGi উপরে রাখা হয়। ফলে এর ভিতরের প্রেসারের পরিমানও অনেক বেশি হয়।

যে সকল বস্তুকে স্টেরিলাইজেশন করতে হবে তাদেরকে ছিদ্রবিশিষ্ট লিলেন কাপড়ে অথবা ছিদ্রযুক্ত অন্য কোন উপযোগি পদার্থ দ্বারা মোড়ানো হয় এবং এদেরকে অটোক্লেভ চেম্বারের মধ্যে রাখা হয়। স্টীম স্টেরিলাইজেশন সাইকেল সম্পন্ন করতে তিনটি পিরিয়ড প্রয়োজন। যথা–

(ক) ভ্যাকুয়াম (Vacuum Period) পিরিয়ড– এ সময়ে সীল করা (sealed) অটোক্লেভ চেম্বার থেকে বাতাসকে টেনে বের করে

(খ) স্টেরিলাইজেশন পিরিয়ড- এ সময়ে চেম্বারের মধ্যে সুপারহিটেড (১০০^{0}C এর উপরের তাপমাত্রা বিশিষ্ট) স্টীম প্রবেশ করানো হয়। তাপমাত্রা হবে ১৫ মিনিটের জন্য ১২০^{0}C বা ২ মিনিটের জন্য ১৪৪^{0}ঈ। এ তাপমাত্রার সমতুল্য প্রেসার হল যথাক্রমে ১০^৫ চধ (প্যাসকেল) বা ১ বায়ুমন্ডলীয় চাপ ও 3X১০^৫ Pa (প্যাসকেল) বা ৩ বায়ুমন্ডলীয় চাপ।
(গ) পোষ্ট (Post) স্টেরিলাইজেশন পিরিয়ড- এ সময়ে স্টীম চালনা বন্ধ করা হয় এবং চেম্বারের দরজা খুলে দিয়ে চেম্বারে বাতাস পুনঃপ্রবেশ করানোর আগেই মোড়ানো প্যাকেটকে শুষ্ক করা হয়।
স্টেরিলাইজেশন পদ্ধতি সঠিকভাবে সম্পন্ন হয়েছে কিনা তা বুঝার জন্য মোড়ানো প্যাকেটের উপর একটি বিশেষ ধরনের টেপ লাগানো হয় এবং প্যাকেটের ভিতরে একটি বিশেষ ধরনের ইন্ডিকেটর স্ট্রিপ লাগানো হয়। স্টেরিলাইজেশন সঠিকভাবে সম্পন্ন হলে ইন্ডিকেটরের রং পরিবর্তন

৬.৪ সার্জিক্যাল ডায়াথার্মির মূলনীতি সার্জিক্যাল কাজে টিস্যু কাটা ও রক্ত জমাট বাঁধার (cutting & coagulation) জন্য অপারেটিং রুমে হাই ফ্রিকুয়েন্সি কারেন্ট ব্যবহৃত হয়। সার্জিক্যাল ডায়াথার্মি ইউনিটগুলোতে ব্যবহৃত কারেন্টের ফ্রিকুয়েন্সি রেঞ্জ হয়ে থাকে ১ থেকে ৩MHz যা শর্টওয়েভ থেরাপিউটিক ডায়াথার্মি মেশিনের ফ্রিকুয়েন্সির তুলনায় অনেক বেশি। ইলেকট্রোসার্জারীর জন্য প্রয়োজনীয় পাওয়ার লেভেল নিউরাল (neural) স্টিমুলেশনের থ্রেশহোল্ডের নিচে থাকে। যদি ফ্রিকুয়েন্সি সর্বনিম্ন ৩০০শঞ্জ হয় তবে মানবদেহের টিস্যুতে কারেন্ট প্রবাহিত হওয়ার সময় ফ্যারাডিক (faradic) ও ইলেকট্রোলাইটিক উভয় ইফেক্টই দূর হয়ে যায়

তাই সার্জিক্যাল কাজে টিস্যু কাটা ও রক্ত জমাট বাঁধার জন্য কারেন্টের থার্মাল বা হিটিং ইফেক্ট ব্যবহৃত হয়। যখন তীক্ষ্ণধার বিশিষ্ট একটি তারের লুপ বা ব্যান্ড লুপ বা নিডলের (হববফষব) পয়েন্টের মধ্য দিয়ে টিস্যুর অভ্যন্ড়রে উচ্চ ফ্রিকুয়েন্সির কারেন্ট প্রবাহিত হয় তখন এ সকল পয়েন্টে উচ্চ ঘনত্বের কারেন্টের সৃষ্টি হয়। ফলে টিস্যুগুলো এমন পরিমান উত্তপ্ত হয় যে ইলেকট্রডের ঠিক নিচে অবস্থিত সেলগুলো সেল ফ্লুইডের উত্তাপ দ্বারা দুইভাগে বিভক্ত হয়ে যায়। এ ব্যবস্থা চিত্রে দেখানো হল।

ইনডিফারেন্ট (indifferent) ইলেকট্রডটি রোগীর সাথে অনেক জায়গা জুড়ে সংযোগ তৈরি করে এবং কারেন্ট ছড়িয়ে পড়ে যার ফলে ইলেকট্রডে খুবই কম তাপ উৎপন্ন হয়। এ ধরনের টিস্যু পৃথকীকরনের পদ্ধতিই হল ইলেকট্রোসার্জিক্যাল কাটিং এর মূল ভিত্তি।

Block diagram of Solid State Diathermy Machine



